



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mincom.gov.bd



নম্বর: ২৬.০০.০০০০.১০০.২২.০০২.২২.১৬২

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯

০৩ নভেম্বর ২০২২

প্রজ্ঞাপন

বাণিজ্য সংগঠন ১৯৯৪এর ১০(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের জন্য লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি)-কে নিম্নবর্ণিত শর্তে কান্টি অব অরিজিন (সিও) জারির ক্ষমতা প্রদান করা হলো:

- ক. সিও ফরম গ্রহণকারী প্রতিষ্ঠানের পূর্ণ ঠিকানা রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে;
- খ. সিও ইস্যুকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট তথ্য উপাত্ত যাচাই করতে হবে;
- গ. পূরণকৃত সিও ফরম সংশ্লিষ্ট দলিলাদির সাথে মিলিয়ে সই ও সীলযুক্ত করে ইস্যু করতে হবে;
- ঘ. ইস্যুকৃত সিও ফরমএর অনুলিপি সংরক্ষণ করতে হবে;
- ঙ. লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) এর তত্ত্বাবধানে সিও ইস্যু করতে হবে;
- চ. সিও ইস্যুকরণের ক্ষেত্রে যথাযথ ও আন্তর্জাতিকভাবে অনুসৃত পদ্ধতি অনুসরণ করতে হবে;
- ছ. সিও জারির ত্রৈমাসিক প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে; এবং
- জ. বাণিজ্য মন্ত্রণালয় প্রয়োজনে অনুমতি বাতিল করতে পারবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

৩-১১-২০২২

তানিয়া ইসলাম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: +৮৮ ০২ ৯৫৪০৬২৪
ফ্যাক্স: +৮৮ ০২ ৯৫৪০২১৩
ইমেইল:

export1@mincom.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো
- ২) উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি সরকারি গেজেটের পরবর্তী অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক ২০০ (দুইশত) কপি ছাপানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৩) একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়
- ৪) একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়
- ৫) সভাপতি, এফবিসিসিআই, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
- ৬) প্রেসিডেন্ট, লেদারগুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি) গুলশান লিংক রোড, ঢাকা।
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, রপ্তানি অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয়
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, রপ্তানি-১ অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয়